

# ভোগান্তি সৃষ্টি নয় শিক্ষার্থীদের ধৈর্য ধরতে হবে : নাহিদ ইসলাম

নিজস্ব প্রতিবেদক

০৪ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সমস্যা**

সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ধৈর্য ধরার আহ্বান জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। একই সঙ্গে কর্মসূচিতে যেন জনভোগান্তি না হয়, সেদিকেও খেয়াল রাখার আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে সরস্বতী পূজাম-প পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা নাহিদ ইসলাম বলেন, সাত কলেজের সমস্যাটা দীর্ঘদিনের জটিল সমস্যায় পরিণত হয়েছিল। বিগত আওয়ামী লীগ সরকারের আমলে নেওয়া একটি ভুল সিদ্ধান্তের কারণে হাজার হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবনে নেতিবাচক প্রভাব পড়েছে। অন্তর্বর্তী সরকার প্রথম থেকেই সাত কলেজের সমস্যা সমাধানে সচেষ্ট। সেখানে থাকা প্রত্যেকটি কলেজকে গুরুত্ব দিয়ে আলোচনা করা হচ্ছে। হয়তো শিগগির একটি ইতিবাচক সমাধানের পথ তৈরি হবে।

শিক্ষার্থীদের বিষয়গুলো খুবই সংবেদনশীলভাবে বিবেচনা করা উচিত উল্লেখ করে উপদেষ্টা নাহিদ বলেন, মানুষের সমর্থন পাওয়াটা যে কোনো আন্দোলনে গুরুত্বপূর্ণ। আমরা বলেছি, কেউ কোনো যৌক্তিক দাবি নিয়ে রাস্তায় নামলে আমরা বাস্তবায়ন করার চেষ্টা করব। তবে সবাইকে কর্মসূচি দেওয়ার ক্ষেত্রে জনভোগান্তির বিষয়টি বিবেচনায় রাখতে হবে।